



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.২১.০০৯.২০০৩- ০৯

তারিখঃ ০৬ জুলাই, ২০১৮ খ্রিঃ।

জনাব সন্দীপ বৈদ্য প্রদীপ

শোভাসীড কোম্পানী

(বিএডিসি বীজ ডিলার)

শমসেরনগর রোড, কুলাউড়া, মৌলভীবাজার।

বিষয়ঃ সিলেট অঞ্চলে কুলাউড়াস্থ ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন গুদামের ভাড়া ও অন্যান্য পাওনাদি পরিশোধ ও গুদাম হস্তান্তর না করার বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর আওতাধীন মৌলভীবাজার জেলাধীন কুলাউড়াস্থ ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন গুদাম ০১ জুলাই, ২০১৫ হতে ৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত মেয়াদে আপনার নিকট ভাড়া প্রদান করা হয়। চুক্তিপত্রে বর্ণিত শর্তানুযায়ী যথাসময়ে ভাড়া দেয়ার বিধান থাকলেও আপনি তা অনুসরণ করেননি। এর প্রেক্ষিতে দেখা যায় যে, মে, ২০১৬ হতে মে, ২০১৭ পর্যন্ত মেয়াদে প্রাপ্য সমুদয় পাওনা পরিশোধ করা হয়নি। এছাড়া চুক্তিপত্র অনুযায়ী মেয়াদকাল সমাপ্ত হওয়ার পরও গুদাম বিএডিসি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করে ব্যবহার করে চলছেন।

০২. এমতাবস্থায়, গুদাম ভাড়া বাবদ প্রাপ্য সকল পাওনাদি অতি দ্রুততার সহিত পরিশোধে আপনাকে পুনরায় অনুরোধ করা হলো। একইসঙ্গে ভাড়াচুক্তির মেয়াদকাল সমাপ্ত হওয়ার পর অদ্যাবধি কেন বিএডিসির অনুকূলে গুদাম হস্তান্তর করা হয়নি সে বিষয়েও সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, সিলেট।
৪. অফিস কপি।